দৈনিক বাংলা

তারিখ 26 NOV 1995
পৃষ্ঠা ৭ কলাম ৩

32

# শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম খোলাবাজারে বিক্রি

নিজস্ব সংবাদদাতা : নেত্রকোনা।– মদন থানার তিয়শ্রী ইউনিয়নের সাইতপুর বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম খোলাবাজারে বিক্রি করে দেয়ার অভিযোগ উঠেছে।

জানা যায়, সাইতপুর বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি ও প্রধান শিক্ষক ছাত্রছাত্রীদের শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর বরাদ্দ গম প্রকাশ্যে বিক্রি করে দিচ্ছে। সভাপতির বাড়ি থেকে কম পরিমাণ গম ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণ করা হয়।

এ ব্যাপারে অভিযোগকারীরা বিদ্যালয়ের সভাপতি ও প্রধান শিক্ষককে জিজ্ঞাসা করলে তারা জানান, প্রতি দফাতেই গম বরাদ্দের সময় কর্তৃপক্ষকে এক/দুই হাজার টাকা নজরানা দিতে হয়। এ যাবত বিদ্যালয়ে দুইবার গম বরাদ্দ দেয়া হয়েছে। প্রতি দফা বরাদ্দকৃত গম থেকে প্রকাশ্যে তা বিক্রি করা হয়েছে।

অভিযোগে আরও জানা যায়, বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে গম বিতরণের সময় গম আনার খরচ বাবত প্রতি ছাত্র-ছাত্রীর কাছ থেকে ১০ টাকা করে রাখা হয়। এছাড়া প্রতি ছাত্রছাত্রীর জন্য নির্ধারিত গমের চেয়ে অনেক কম প্রদান করা হয়। গমের খালি বস্তাগুলো পরবর্তীতে বিক্রি করে দেয়া হয়।